

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা কর্মসূচি
পল্লী ভবন (৬ষ্ঠ তলা)
৫, কাওরানবাজার, ঢাকা-১২১৫
www.iresppw-brdb.gov.bd



স্মারক নং: ৪৭.৬২.০০০০.৯৬৬.০০.৬৯৭.১৪-১০৫৮

তারিখঃ ১৮/১১/২০২১ খ্রি:

অফিস আদেশ


যেহেতু, জনাব মোঃ সোহাগ আলী, মাঠ সংগঠক কোভিড-১৯ এর প্রাদুর্ভাবের কারণে লকডাউন চলাকালীন কর্মসূচি'র সদর দপ্তর তথা সরকার কর্তৃক জারিকৃত নির্দেশনা অমান্য করে অননুমোদিতভাবে বিগত ২৮/০৩/২১ খ্রিঃ তারিখ হতে ৬৭ দিন কর্মস্থলে অনুপস্থিত ছিলেন। পরবর্তীতে বিগত ০৮/০৭/২১ খ্রিঃ তারিখ হতে ২৬ দিন ও ০১/০৯/২১ খ্রিঃ তারিখ হতে ১২ দিন অননুমোদিতভাবে কর্মস্থলে অনুপস্থিত ছিলেন। অনিয়মিতভাবে অননুমোদিত কর্মস্থলে অনুপস্থিতিসহ কর্তব্য পালনে চরম উদাসীনতা ও দায়িত্বহীনতার কারণে তার রুকভুক্ত সমিতিসমূহে প্রায় ৩৩.০০ লক্ষ টাকা মেয়াদোত্তীর্ণ খেলাপী হয়েছে।

যেহেতু, জনাব মোঃ সোহাগ আলী, মাঠ সংগঠক, ফকিরহাট, বাগেরহাট এর মাঠ সংগঠক কর্তৃক সুফলভোগী সদস্য হতে সঞ্চয় ও ঋণের কিস্তি বাবদ আদায়কৃত ৭২২৩১.০০ টাকা হস্তমজুদ/আত্মসাৎ করার বিষয়টি সুস্পষ্টভাবে প্রমাণিত।

যেহেতু, জনাব মোঃ সোহাগ আলী, মাঠ সংগঠক-কে তার দায়িত্ব পালনে চরম অবহেলা, উর্ধ্বতন কর্তৃপক্ষের সঙ্গে অসদাচারণ, অননুমোদিতভাবে কর্মস্থলে অনুপস্থিত ও অফিস শৃঙ্খলা ভঙ্গের কারণে সর্বমোট ০৯ বার ব্যাখ্যা তলব এবং বিভিন্ন সময়ে বিভিন্ন হারে বেতনভাতার নির্ধারিত অংশ স্থগিত করা হলেও তার আচরণসহ অন্যান্য কার্যক্রমের কোনরূপ পরিবর্তন সাধিত হয়নি।

এক্ষণে, সেহেতু, জনাব মোঃ সোহাগ আলী, মাঠ সংগঠক, ফকিরহাট, বাগেরহাট সুফলভোগী সদস্য হতে সঞ্চয় ও ঋণের কিস্তি বাবদ আদায়কৃত মোট ৭২২৩১.০০ টাকা হস্তমজুদ/আত্মসাৎ করাসহ এ বিষয়ে লিখিত স্বীকারোক্তি প্রদান, দায়িত্ব পালনে চরম অবহেলা, উর্ধ্বতন কর্তৃপক্ষের সাথে অসদাচারণ, অফিস শৃঙ্খলা ভঙ্গ এবং অনিয়মিতভাবে দীর্ঘদিন অননুমোদিতভাবে কর্মস্থলে অনুপস্থিতির কারণে ঋণ কার্যক্রম মারাত্মকভাবে ক্ষতিগ্রস্ত হওয়ায় কর্মসূচি'র চুক্তিভিত্তিক নিয়োগপত্রের ২(ঙ) নং শর্তানুযায়ী তার সাথে সম্পাদিত চুক্তি বাতিলপূর্বক কর্মসূচি'র চুক্তিভিত্তিক নিয়োগ হতে অব্যাহতি প্রদান করা হলো। এছাড়া আগামী ৩০/১১/২০২১ খ্রিঃ তারিখের মধ্যে হস্তমজুদ/আত্মসাৎকৃত সমুদয় অর্থ পরিশোধে ব্যর্থ হলে অর্থ আদায়ের জন্য আইনগত ব্যবস্থা গ্রহণ করা হবে।

কর্তৃপক্ষের অনুমোদনক্রমে কর্মসূচি'র স্বার্থে এ আদেশ জারি করা হলো।


মোহাম্মদ রাশেদুল আলম
কর্মসূচি পরিচালক

তারিখঃ ১৮/১১/২০২১ খ্রি:

স্মারক নং: ৪৭.৬২.০০০০.৯৬৬.০০.৬৯৭.১৪-১০৫৮

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. জনাব মোঃ সোহাগ আলী, মাঠ সংগঠক, ইরেসপো, বিআরডিবি, ফকিরহাট, বাগেরহাট।
(স্থায়ী ঠিকানাঃ পিতা- মোঃ আব্দুল লতিফ, গ্রামঃ গুঠইল, থানাঃ নাচোল, ডাকঘরঃ নাচোল, জেলাঃ চাঁপাইনবাবগঞ্জ)
২. উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, বিআরডিবি, উপজেলাঃ ফকিরহাট জেলাঃ বাগেরহাট।
৩. প্রোগ্রামার, ইরেসপো, বিআরডিবি, ঢাকা (প্রকল্পের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৪. উপপরিচালক, বিআরডিবি, জেলা: বাগেরহাট।

সদয় অবগতির জন্যঃ

১. মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা।
২. পরিচালক (সরেজমিন) মহোদয়ের একান্ত সহকারী, বিআরডিবি, ঢাকা।



মুহাম্মদ মাহবুব আলম
উপ প্রকল্প পরিচালক